5000Rs.

INDIA NON JUDICIAL

५000रु. Rs 5000

भारत

पाँच हज़ार रुपये FIVE THOUSAND RUPEES

[illegible] under Regn Rule [illegible] Duly Stamped under the Indian Stamp Act 1899 as amended by Act III of 1922 and Section [illegible] (1) of the Calcutta Improvement Act 1911 Schedule I A 23

Stamp Duty paid under the Indian Stamp Act 1899 as Amended in 1964 Rs. 12456.00

Additional duty Paid under the Calcutta Improvement Act 1911 2100.00

Total Rs. 14556.00

District Sub Registrar, Alipore, 24-Parganas

কোবালা গ্রহীতা –

১। শ্রী শুভেন্দু প্রকাশ মাইতি
পিতা শ্রী পশুপতি মাইতি
জাতি হিন্দু, পেশা চাকুরী,

২। শ্রীমতী মনোরমা মাইতি,
স্বামী শ্রী শুভেন্দু প্রকাশ মাইতি
জাতি হিন্দু, পেশা শিক্ষকতা

উভয়ের সাকিম ৪২।১সি নং
শরৎ বোস রোড, থানা বালীগঞ্জ
কলিকাতা ৭০০০২০, জেলা ২৪পরগণা।

কোবালা দাতা –

১। শ্রীমতী উমা মুখোটী
স্বামী শ্রী ধ্রুব নাথ মুখোটী,
জাতি হিন্দু, পেশা গৃহস্থালী,

২। শ্রী ধ্রুব নাথ মুখোটী
পিতা ৺ হরেন্দ্র লাল মুখোটী,
জাতি হিন্দু, পেশা চাকুরী,

উভয়ের সাকিম ৪৭ সি।১, নং মুর
এভিনিউ, থানা রিজেন্ট পার্ক,
কলিকাতা ৭০০০৪০, জেলা ২৪ পরগণা।

কস্য সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ অবস্থায় রায়ত স্থিতিবান স্বত্বীয় –

4984 (9)
Sukhendu Prakash Maity & another
49/1C, Sarat Bose Rd. Cal-700020,

8000/-
26.9.80

49 84 (9) 5000×3 = 15000/-
1000/- 1000/-
60/-
1/-
16061/-

Presented for Registration at 11-20 A.M./P.M. on the 6th day of Oct 1980 at the Sadar Registration Office Alipore, 24 Parganas by Uma Mukhaty Executant / Claimant or one of the Executants / Claimants or Attorney for ........ Executant / Claimant under a Power of attorney No ...... for 19.... authenticated by the Registrar of ........

District Sub Registrar
Alipore, 24-Parganas
6/10/80

(1) Uma Mukhaty
Late Dharanidhar Nath Mukhaty
(2) Dharmendra nath Mukhaty
of Late Harendra nath Mukhaty
both of 47/C/1 Moore Avenue
Thana Regent Park
District Cal 46
By Caste Hindu
By profession H-wife + Service

Uma Mukhaty

Uma Mukhaty

9688

Rebati ballav Saha
Late Mukundalal Saha
of 35, Sardar Sankar Rd
Thana Tollygunge
District Calcutta 29
By Caste Hindu
By profession [illegible]

Dharmendranath Mukhaty

District Sub Registrar
Alipore, 24-Parganas
6/10/80

9689

Rebati Ballav Saha

5000Rs.

INDIA NON JUDICIAL

५000रु.  Rs 5000

भारत

पाँच हज़ार रुपये FIVE THOUSAND RUPEES



বাস্তু জমি মায় তদুপরিস্থিত পাকা দ্বিতল ইমারত বাটী, অন্যান্য যাবতীয় সাজপাট, আকর আওলাতাদি, জলের কল, রিজারভয়ার, কম্পাউণ্ড প্রাচীর , ড্রেণ পায়খানা, যাবতীয় ফিটিংস ও ফিকচারস ইলেকট্রিক কনেকসান দক্ষিন দিকে বত্রিশ ফুট দশ ইঞ্চি ৩২-১০" প্রশস্ত কমনপ্যাসেজ যাহা পূর্ব্ব দিকে ৩২'-১০" ইঞ্চি প্রশস্ত কমনপ্যাসেজের সহিত সংযুক্ত হইয়া মুর এভিনিউ নামক - কর্পোরেসন রাস্তার সহিত মিশিয়াছে উক্ত রাস্তা গুলির উপর চলাচলের স্বত্বাদী, যাবতীয় ব্যবহারিক স্বত্বাদী সর্ব্ব প্রকার বর্ত্ম স্বত্ব মায় তৎ সংক্রান্ত সর্ব্ববিধ - ইজমেন্ট স্বত্বাদী সমেত দরবস্তু হক হকুক বিক্রয়ের নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে । জেলা ২৪ পরগণা সবরেজেষ্ট্রী আলীপুর সাবেক - থানা সদর টালীগঞ্জ পরে যাদবপুর গত জেলা জরীপে লিপিবদ্ধ ক্রে এল নং ৪২, রেঃ সাঃ নং ৩৭, পরগণা খাসপুর , চব্বিশ পরগণা জেলা কালেকটারির ১৫১ নং

5000Rs.

INDIA NON JUDICIAL

५000रु.

Rs. 5000

भारत

पाँच हज़ार रुपये FIVE THOUSAND RUPEES



তৌজি ভুক্ত মৌজা শিবপুর গ্রামে মালিক জমিদার সেবাইত রাম গোপাল দাস নস্কর দিগরের অধীন বার্ষিক ১৮, টাকা জমার অন্তর্গত ১৭৭ নং খতিয়ান ভুক্ত ৪১৭ ও ৪১৮ নং দাগ ভুক্ত মোট ৮৯ শতক রায়ত স্থিতিবান স্বত্বীয় জমি জমাদী জনৈক সুককুর মণ্ডলের ষোল আনা রকমের স্বত্বীয় ভোগদখলী সম্পত্তি থাকে এবং উক্ত জমিজমাদী তাঁহার স্ত্রী আলেকজান বিবির নাম বরাবর - গত জেলা জরীপে প্রজা স্বরূপে লিপিবদ্ধ থাকে ।

উক্ত সুককুর মণ্ডল মহাশয় উক্ত জমিজমাদী খাসে ও নিব্যূঢ় স্বত্বে একক ষোল আনা রকমে ভোগদখল করিতে থাকা অবস্থায় পরলোকগমন করিলে - তাঁহার ওয়ারীশগণ এর নিকট হইতে অধুনা মৃত জনৈক হৃষিকেশ মিএ মহাশয় - নিজ অর্থে ও স্বার্থে বিভিন্ন তারিখে সম্পাদিত ও রেজেষ্টীকৃত ছয় খানি - কোবালা মূলে উপযুক্ত পণে উক্ত ১৭৭ নং খতিয়ান ভুক্ত ৪১৭ ও ৪১৮ নং দাগ

1000 Rs.

INDIA NON JUDICIAL

১০০০ রু.

Rs 1000

भारत

एक हज़ार रुपये ONE THOUSAND RUPEES



ভুক্ত মোট ৮৯ শতক জমিজমাদী সম্পূর্ণ নির্দায় ও নির্দ্দোষ অবস্থায় খরিদ - করিয়া উক্ত জমি জমাদীর খাসে মালিক দখলিকার হয়েন ও উক্ত জমিজমাদী - অন্যের নিরংশে ও অপরের বিনা স্বত্ব সংশ্রবে নিজ স্বত্ব দখল পরিচালনে উহার যাবতীয় আয় উপস্বত্বাদী গ্রহনে খাসে ও নিব্যূঢ় স্বত্বে ভোগদখল করিতে থাকেন ।

উক্ত সুক্কুর মণ্ডলের দুই ওয়ারেশ মেহের মণ্ডল ও লালবাবু মণ্ডল উক্ত মোট - সম্পত্তিতে তাঁহাদের উভয়ের অবিভক্ত মোট ৶৪ তিন আনা চারি গণ্ডা রকম স্বত্বাংস গত ইং সন ১৯৪০ সালের ৬ ই এপ্রিল তারিখে সম্পাদিত ও রেজেষ্টী - কৃত কোবালা মুলে উপরোক্ত হৃষিকেশ মিত্র মহাশয়কে তৎকালিন উপযুক্ত পণে - বিক্রয় করিয়া ও উহার খোলসা খাস দখল তাহার অনুকুলে পরিত্যাগ পূর্ব্বক - উহা হইতে চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হয়েন ।

উক্ত সুক্কুর মণ্ডলের অন্যতম ওয়ারেস আহাজ সাফুই উক্ত মোট সম্পত্তিতে -






- তাঁহার নিজ অবিভক্ত ৵৮ আট গণ্ডা রকম স্বত্বাংশ উক্ত হৃষিকেশ মিশ্র মহাশয়কে গত ইংরাজী সন ১৯৪০ সালের ১১ই জুন তারিখে সম্পাদিত ও রেজেষ্ট্রীকৃত একেতা কোবালা মূলে তৎকালীন উপযুক্ত পণ গ্রহণে বিক্রয় - করিয়া ও উহার খোলসা খাস দখল তাঁহার অনুকূলে পরিত্যাগ করিয়া উহা হইতে চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হয়েন।

পরে উক্ত মৃত সুকুর মণ্ডলের ওয়ারীশ বণিতা উক্ত মোট সম্পত্তিতে তাঁহার নিজ অবিভক্ত ৵৮ দুই আনা আট গণ্ডা রকম স্বত্বাংশ সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দোষ অবস্থায় বিক্রয় করিবার প্রস্তাব ঘোষণা করিলে উপরোক্ত হৃষিকেশ মিশ্র মহাশয় - উহা খরিদ করিতে সম্মত হওয়ায় তিনি তৎকালীন উপযুক্ত পণে উহা গত ইং ১৫।৮।১৯৪০ তারিখে সম্পাদিত ও রেজেষ্ট্রীকৃত কোবালা মূলে খরিদ করিয়া উহাতে খাসে মালিক দখীকার হয়েন।

পরে সুকুর মণ্ডলের অপর দুই ওয়ারেশ শ্রীমতী লেকজান বিবি ও সুরতান বিবি উপরোক্ত মোট সম্পত্তিতে তাঁহাদের উভয়ের অবিভক্ত ।/৬।।/৴ পাঁচ - আনা ছয় গণ্ডা দুই কড়া দুই ক্রান্তি রকম স্বত্বাংশ গত ইং ১৬।৮।১৯৪০ তারিখে

25 P.

INDIA

पच्चीस पैसे पच्चीस पैसे

भारत

TWENTY FIVE PAISE



সম্পাদিত ও রেজেষ্ট্রীকৃত কোবালা মূলে উপযুক্তপণ গ্রহণে উপরোক্ত শ্রী হৃষিকেশ মিত্র মহাশয়কে বিক্রয় করিয়া ও উক্ত সম্পত্তির খোলসা খাস দখল তাঁহার অনুকূলে পরিত্যাগ করিয়া উহা হইতে চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হয়েন ।

পরে সুককুর মণ্ডলের অপর ওয়ারেশ জনৈকা হামিদননেসা বিবি উক্ত মোট সম্পত্তিতে তাঁহার নিজ অবিভক্ত ৶১৩ ,১ দুই আনা তের গণ্ডা এক দন্তী রকম স্বত্বাংশ সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ অবস্থায় বিক্রয়ের ঘোষণা করিলে উপরোক্ত হৃষিকেশ মিত্র মহাশয় উহা নিজ স্বার্থে ও অর্থে উপযুক্তপণে গত ইং ৪।৯।১৯৪০ তারিখে সম্পাদিত ও রেজেষ্ট্রীকৃত কোবালা মূলে খরিদ করিয়া উহাতে বাসে মালিক দখলীকার হয়েন ।

তৎপরে উক্ত সুক্কুর মণ্ডলের অপর ওয়ারেশ নাবালক আজিজ সাফুই পক্ষে গার্জেন আহাজ সাফুই উক্ত মোট সম্পত্তিতে তাঁহার অবিভক্ত /.৬ ২ /৩ এক আনা ছয় পূর্ণ দুইয়ের তিন গণ্ডা রকম স্বত্বাংশ উপযুক্তপণে সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ অবস্থায় বিক্রয়ের ঘোষণা করিলে উপরোক্ত হৃষিকেশ মিত্র মহাশয় উহা নিজ স্বার্থে ও অর্থে উপযুক্তপণে শ্রী অনাথ বন্ধু রায়ের বেনামে ও নাম -

25 P.

INDIA

पचीस पैसे पचीस पैसे

भारत

TWENTY FIVE PAISE



Uma Mukherjee
Shibnath Kundu

ব্যবহারে গত ইং ২৬।৩।১৯৪৩ তারিখে সম্পাদিত ও রেজেষ্ট্রীকৃত কোবালা মূলে খরিদ করিয়া উহাতে খাসে মালিক দখলীকার হয়েন ।

কিন্তু পাছে ভবিষ্যতে উক্ত খরিদা কোবালা অনাথ বন্ধু রায়ের নামে - থাকায় ভবিষ্যতে উপরোক্ত হৃষিকেশ মিত্র মহাশয়ের নিরুপদ্রব স্বত্ব দখলে - কোন রূপ বিঘ্ন সৃষ্টি হয় তন্নিমিত্ত উক্ত শ্রী অনাথ বন্ধু রায় মহাশয় গত ইং - ২০।৬।১৯৪৬ তারিখে উপরোক্ত শ্রী হৃষিকেশ মিত্রের নাম বরাবর একেতা - নাদাবী পত্র যথারীতি সহি সম্পাদন ও রেজেষ্ট্রী করিয়া দেন ।

এবম্প্রকারে উপরোক্ত হৃষিকেশ মিত্র মহাশয় মৃত সুকুর মণ্ডলের ওয়ারীশ ও উত্তরাধিকারীগনের নিকট হইতে উপরি লিখিত ছয় খানি রেজেষ্ট্রীকৃত নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা ও একখানি রেজেষ্ট্রীকৃত নাদাবী দলিল মূলে উপরোক্ত - শিবপুর মৌজার ১৭৭ নং খতিয়ান ভুক্ত ৪১৭ নং দাগে ৮৪ শতক ও ৪১৮ নং দাগে ০৫ শতক একুনে ৮৯ শতক রায়তি স্থিতিবান স্বত্বীয় জমিজমাদী ষোল - আনা রকমে সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ অবস্থায় খরিদ করিয়া উহাতে খাসে - মালিক দখলীকার হয়েন এবং জমিদার সেরেস্তায় দেয় বার্ষিক খাজনাদি যথারীতি

25 P.

INDIA

पच्चीस पैसे        पच्चीस पैसे

भारत

TWENTY FIVE PAISE



সরবরাহ করতঃ উহা এক্ক ষোল আনা রকমে ও উহার যাবতীয় আয় উপস্বত্ত্বাদি গ্রহনে অন্যের নিরংশে ও অপরের বিনা স্বত্ত্ব সম্পর্কে নিজ স্বত্ত্ব দখল পরিচালনে নিব্যূঢ় স্বত্ত্বে ভোগদখল করিয়া আসিতে থাকেন ।

অতঃপর বৈধ কারণে নগদ অর্থের বিশেষ প্রয়োজনবোধে তিনি উক্ত শিবপুর মৌজায় অবস্থিত ১৭৭ নং খতিয়ান ভুক্ত ৪১৭ ও ৪১৮ নং দাগ ভুক্ত মোট ৮১ শতক জমি জমাদী সহ অন্যান্য আরও বহুতর জমিজমাদী সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ অবস্থায় বিক্রয় করিবার প্রস্তাব ঘোষণা করিলে কোম্পানী আইন - অনুসারে গঠিত ও রেজেষ্ট্রীকৃত মেসার্স রমানাথ এষ্টেট প্রাইভেট লিমিটেড - উহা সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ অবস্থায় খরিদ করিতে সম্মত হও যায় তিনি - উক্ত সম্পত্তি সমূহ উপযুক্ত পণে গত ইং ৯।৩।১৯৫০ তারিখে সম্পাদিত ও রেজেষ্ট্রীকৃত কোবালা মূলে উক্ত কোম্পানীকে বিক্রয় করিয়া ও উক্ত জমিজমাদীর খোলসা খাস দখল তাঁহাদিগের অনুকূলে পরিত্যাগ করিয়া উহা হইতে চিরতরে নিঃস্বত্ত্ব ও দখলচ্যুত হয়েন । উক্ত বিক্রয় কোবালা আলীপুর জয়েন্ট সবরেজেষ্ট্রী - আফিসে ইং সন ১৯৫০ সালের ১নং বহির ২৮ নং ভলুমে ১২৭ হইতে ১৩৪ পৃষ্ঠায় ৯৭৫ নং দলিল উল্লেখে লিপিবদ্ধ আছে ।

25 P.

INDIA

पच्चीस पैसे पच्चीस पैसे

भारत

TWENTY FIVE PAISE



অতঃপর উক্ত রমা নাথ এষ্টেট প্রাইভেট লিমিটেড কোম্পানী উক্ত - জমীজমাদী খরিদ করিয়া উহার সম্পর্কে জমিদার সেরেস্তার ও কলিকাতা - কর্পোরেসনে নাম পত্তন করাইয়া তব্বাবদ দেয় বার্ষিক খাজনা ও কোয়াটারলি ট্যাকস যথারীতি সরবরাহ করতঃ উক্ত জমিজমাদী খাসে ও নির্ব্যূঢ় স্বত্ত্বে - ভোগদখল করিয়া আসিতে থাকেন ।

উক্ত ৪১৭ ও ৪১৮ নং দাগের জমিজমাদী কলিকাতা কর্পোরেসনের - এসেসমেন্ট বহিতে তৎকালীন ৯৭ নং ওয়ার্ডের ৪৭ সি নং মুর এভিনিউ - প্রেমিসেস উল্লেখে লিপিবদ্ধ থাকে ।

অতঃপর উক্ত কোম্পানী উক্ত জমিজমাদী খরিদ করিয়া উহার সংলগ্ন জমি - জমাদী সহ মোট জমিজমাদী বহুতর উন্নতি সাধন করতঃ উহা জনৈক অভিজ্ঞ - সার্ভেয়ার দ্বারা মাপ জরিপান্তে বিভিন্ন জমিতে যাতায়াতাদির জন্য মুর - এভিনিউ নামক মিউনিসিপ্যাল সদর রাস্তা হইতে ৩২'- ১০" ইঞ্চি প্রশস্ত রাস্তা বাহাল করিয়া উক্ত মোট জমি জমাদী কয়েকটী ক্ষুদ্র ক্ষুদ্র প্লটে বিভক্ত করাইয়া বিভিন্ন প্লট ভিন্ন ভিন্ন ব্যক্তিকে কোবালা মূলে বিক্রয় করিবার উদ্দেশ্যে একটি স্কীম প্রস্তুত করেন ও বিভিন্ন প্লট সম্পূর্ণ নির্দায় ও নির্দ্দোষ অবস্থায় বিক্রয় -

করিবার ঘোষণা করেন । ১১৪।এইচ, সেলিমপুর রোড, কলিঃ ৩১ নিবাসিনী - শ্রীমতী সান্ত্বনা রায় ও শ্রীমতী অর্চনা বসু উভয়ে তুল্যাংশে পণ প্রদানে গত ইং ১।৮।১৯৬৯ তারিখে সম্পাদিত ও রেজেষ্ট্রী কোবালা মূলে উপরোক্ত শিবপুর - মৌজায় অবস্থিত ১৫৫ নং খতিয়ানে ৪১৯ নং দাগের অংশ ভুক্ত মোট ১০ পাঁচ - কাঠা জমি সায় কমনপ্যাসেজের উপর চলাচলের স্বত্বাদী যাবতীয় ব্যবহারিক - স্বত্বাদী সায় তৎ সংক্রান্ত সর্ববিধ ইজমেন্ট স্বত্বাদী সমেত সম্পত্তি ৪৭।১এ নং হাজরা রোড নিবাসী শ্রী অতীন্দ্র কুমার মিত্র মহাশয়ের নিকট হইতে খরিদ করিয়া উহাতে খাসে মালিক দখলীকার হয়েন উক্ত বিক্রয় কোবালা আলীপুর ডিষ্ট্রিক্ট সাবরেজেষ্ট্রী অফিসের ইং সন ১৯৬৯ সালের ১নং বহির ৯৫ নং ভলুমে ১৮৮ হইতে ১৯৩ নং পৃষ্ঠায় ৩৩৪১ নং দলিল উল্লেখে লিপিবদ্ধ আছে ।

অতঃপর গত ইংরাজী সন ১৯৬৯ সালের ১লা আগষ্ট তারিখে সম্পাদিত ও একেতা রেজেষ্ট্রীকৃত ডিড অফ এক্সচেঞ্জ দলিল মূলে উপরোক্ত শ্রী সান্ত্বনা রায় ও শ্রী মতী অর্চনা বসু উভয়ে একযোগে উক্ত মেসার্স রমানাথ এষ্টেট প্রাইভেট - লিমিটেডের নিকট হইতে তাঁহাদিগের স্বত্ব দখলী জেলা ২৪ পরগণা থানা - যাদবপুর জে এল নং ৪২ , মৌজা শিবপুর গ্রামে ১৭৭ নং খতিয়ানে লিপিবদ্ধ - উক্ত ৪১৭ ও ৪১৮ নং দাগ ভুক্ত মোট ৮৯ শতক জমির মধ্যে ১০ পাঁচ কাঠা - জমি উক্ত শ্রী অতীন্দ্র কুমার মিত্র মহাশয়ের নিকট হইতে তাঁহাদের খরিদা ১০ পাঁচ কাঠা জমির বিনিময়ে সম্পূর্ণ নির্দায় ও নির্দ্দোষ অবস্থায় নিব্যূঢ় স্বত্বে - প্রাপ্ত হয়েন এবং উহাতে খাসে দখলীকার হয়েন । উক্ত এক্সচেঞ্জ দলিলে - মেসার্স রমানাথ এষ্টেট প্রাইভেট লিমিটেড প্রথম পক্ষ এবং শ্রীমতী সান্ত্বনা রায় ও শ্রী মতী অর্চনা বসু দ্বিতীয় পক্ষ উল্লেখে পক্ষ ভুক্ত থাকেন । উক্ত এক্সচেঞ্জ দলিল মূলে দ্বিতীয় পক্ষের প্রাপ্ত উক্ত ৪১৭ ও ৪১৮ নং দাগের অংশ ভুক্ত ১০ পাঁচকাঠা

Uma Mukherjee
Sambandh Mukherjee

রায়তি স্থিতিবান স্বত্ব বিশিষ্ট জমি যাহার বিশেষ বিবরণ উক্ত এক্সচেঞ্জ - দলিলের ।ক। তপশীলে বর্ণিত আছে এবং উক্ত দলিল সংলগ্ন নকসায় হরিদ্রা বর্ণে সীমাকৃত চিহ্নিত ও প্রদর্শিত আছে । উক্ত এক্সচেঞ্জ দলিল আলিপুর ডিষ্ট্রীক্ট সদর রেজেষ্ট্রী অফিসে ইং সন ১৯৬৯ সালের ১নং বহির ১০৫ নং ভলুমে ১৭৯ হইতে ১৮৬ পৃষ্ঠায় ৩৩৪৬ নং দলিল উল্লেখে লিপিবদ্ধ আছে ।

অতঃপর উপরোক্ত মেসার্স রমা নাথ এষ্টেট প্রাইভেট লিমিটেড তাঁহাদিগের স্বত্বদখলী ১৭৭ নং খতিয়ান ভুক্ত ৪১৭ ও ৪১৮ নং দাগ ভুক্ত জমিজমাদী বিক্রয়ের ঘোষণা করিলে উপরোক্ত শ্রীমতী সাধনা রায় ও শ্রীমতী অর্চনা বসু উভয়ে - তুল্যাংশে পণ প্রদানে উপরোক্ত ৪১৭ ও ৪১৮ নং দাগের অংশ ভুক্ত মোট /২।৩৫ দুই কাঠা তিন ছটাক পাঁচ স্কোয়ার ফিট জমি সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ অবস্থায় নিব্যূঢ় স্বত্ত্বে খরিদ করেন ও উহাতে খাসে মালিক দখলীকার হয়েন । তাঁহাদের খরিদা উক্ত জমি তাঁহাদের খরিদা কোবালা সংলগ্ন নকসায় হরিদ্রা রঙে সীমাকৃত চিহ্নিত ও প্রদর্শিত আছে । উক্ত খরিদা কোবালা আলীপুর ডিষ্ট্রিক্ট সবরেজেষ্ট্রী অফিসে ইংরাজী সন ১৯৬৯ সালের ১নং বহির ৯৬ নং ভলুমে ১৮০ হইতে ১৮৫ পৃষ্ঠায় ৩৩৪২ নং দলিল উল্লেখে লিপিবদ্ধ আছে ।

অতঃপর উপরোক্ত মেসার্স রমানাথ এষ্টেট প্রাইভেট লিমিটেডের নিকট হইতে এক্সচেঞ্জ দলিল মূলে প্রাপ্ত ।০ পাঁচ কাঠা জমি ও খরিদ মূলে প্রাপ্ত /২।৩৫ দুই কাঠা তিন ছটাক পাঁচ স্কোয়ার ফিট জমি পরস্পর সংলগ্ন জমি হইতেছে এবং দুইটী প্লট একুনে ।২।৩৫ সাত কাঠা তিন ছটাক পাঁচ স্কোয়ার ফিট হইতেছে এবং উক্ত মোট জমি খণ্ড উক্ত শিবপুর মৌজায় অবস্থিত জে এল নং ৪২, চব্বিশ পরগণা - জেলা কালেকটারির ১৫১ নং তৌজি ভুক্ত ১৭৭ নং খতিয়ানের অন্তর্গত ৪১৭ ও

Mukul [redacted]

৪১৮ নম্বর দুইটী দাগের অংশ ভুক্ত হইতেছে এবং উহা কলিকাতা কর্পোরেশনের ৪৭সি নম্বর মুর এভিনিউ প্রেমিসেস ভুক্ত হইতেছে।

অতঃপর তাঁহারা দুই ভগিনী উপরোক্ত মতে ।২৵৫ সাত কাঠা তিন ছটাক - পাঁচ স্কোয়ার ফিট জমির মালিক দখলকারিনী হইয়া উহার সম্পর্কে কলিকাতা কর্পোরেশনে নিজ নাম পত্তন করাইয়া তৎ বাবদ যথারীতি ট্যাক্সাদি সরবরাহ করতঃ উক্ত জমিজমাদি উভয়ে তুল্যাংশে মালিক স্বরূপে খাসে নিজ নিজ স্বত্বদখল পরিচালনে নিব্যূঢ় স্বত্বে ভোগদখল করিতে থাকেন। তাঁহাদের খরিদা উক্ত জমি কলিকাতা কর্পোরেশনের এ্যাসেসমেন্ট বহিতে ৪৭ সি।১নং মুর এভিনিউ - প্রেমিসেস উল্লেখে লিপিবদ্ধ হইতেছে ও আছে।

অতঃপর উপরোক্ত শ্রীমতী সান্ত্বনা রায় ও শ্রীমতী অর্চনা বসু উভয়ে উক্ত - প্রেমিসেস ভুক্ত জমির মধ্যে আলাহিদা ভাবে কলিকাতা কর্পোরেশনের অনুমোদিত স্যাংসানড প্ল্যান অনুযায়ী নিজ নিজ অর্থে ও স্বার্থে দুইটী দ্বিতল পাকা বাটী ও সেপটীক ট্যাঙ্ক পাইখানা নির্মান করাইয়া ও উহাতে জলের কলের কনেকসন ও ইলেকট্রিক কনেকসান লইয়া উহা বাসোপযোগী করেন। সদর রাস্তা মুর এভিনিউ হইতে ৪৭সি।১ নং মুর এভিনিউ প্রেমিসেসে যাতায়াতাদীর জন্য মেসার্স রমানাথ এস্টেট প্রাইভেট লিমিটেড কর্ত্তৃক প্রস্তুতী ৩২´ ১০″ প্রশস্ত রাস্তার উপর চলাচলের - স্বত্বাদী ও যাবতীয় ব্যবহারিক স্বত্বাদী, সর্ব্ব প্রকার বর্ত্ম স্বত্ব ও যাবতীয় ইজমেন্ট পরিচালনার অধিকার উপরোক্ত শ্রীমতী সান্ত্বনা রায় ও শ্রীমতী অর্চনা বসুর থাকে। উভয় ভগিনীর উপরোক্ত নির্ম্মিত দ্বিতল বাটীর উপর ত্রিতল ঘরাদি নির্ম্মান - করিবার জন্য কলিকাতা কর্পোরেশন তাঁহাদের উভয়ের নামে একটী নূতন প্ল্যান অনুমোদন বা স্যাংসানড করিয়াছেন এবং উক্ত প্ল্যানের বিলডিং স্যাংসানড নম্বর

১৩৪ টী যাহা ইং ৩০।৭।১৯৭৪ তারিখে অনুমোদন লাভ করিয়াছে এবং উক্ত স্যাংসানড প্ল্যান তাঁহাদের নিকট থাকে ।

উক্ত ৪৭সি।১ নং মুর এভিনিউ প্রেমিসেস ভুক্ত মোট জমি ও গৃহাদির মধ্যে পূর্ববাংশ স্থিত অর্দ্ধাংস জমি সায় তদুপরিস্থিত দ্বিতল বাটী সায় প্রাচীর আদী তাঁহারা উভয়ে উপযুক্তপণে শ্রী মতী বানী ভট্টাচার্য্যকে দুইখানি স্বতন্ত্র দলিল মূলে বিক্রয় করিয়া ও উক্তমতে বিক্রীত সম্পত্তিতে তাহাকে খাস দখল প্রদান করিয়া চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হয়েন ।

উক্ত ৪৭ সি।১নং মুর এভিনিউ প্রেমিসেস ভুক্ত মোট ।২৶৫ স্কোয়ার ফিট জমির মধ্যে উপরোক্তমতে বিক্রয় বাদে বক্রী পশ্চিম অর্দ্ধাংশে মাপ সুরত ৶৩।।৶২৫ তিন কাঠা নয় ছটাক পঁচিশ স্কোয়ার ফিট জমি সায় তদুপরিস্থিত - পাকা দ্বিতল ইমারত বাটী, জলের কল, সেপটিক ট্যাঙ্ক পায়খানা, বাউণ্ডারী- ওয়াল ও তৎ সংলগ্ন কম্পাউণ্ড অন্যান্য যাবতীয় সাজপাট আকর আওলাতাদী - ইলেকট্রিক কনেকসান সায় কর্পোরেসন কর্তৃক অনুমোদিত নক্সা অনুযায়ী গৃহাদী - নির্মানের স্বত্ব সায় কমনপ্যাসেজের উপর চলাচলের যাবতীয় ব্যবহারিক স্বত্বাদী ও তৎ সংক্রান্ত সর্ববিধ ইজমেন্ট স্বত্বাদী সমেত সম্পত্তি উপরোক্ত শ্রীমতী সান্ত্বনা রায় ও শ্রীমতী অর্চনা বসু উভয়ের তুল্যাংশে ভোগদখলী সম্পত্তি থাকে এবং তাঁহারা উভয়ে উক্ত সম্পত্তি সম্পর্কে কলিকাতা কর্পোরেসানে ট্যাকসাদি সরবরাহ করতঃ উক্ত সম্পত্তি উভয়ে তুল্যাংশের মালিক স্বরূপে সপরিবারে নিজ বসবাসাদী দ্বারা খাসে ভোগদখল করিতে থাকেন ।

অতঃপর বৈধ কারনে নগদ অর্থের বিশেষ প্রয়োজন বোধে তাঁহাদিগের - ভোগদখলী উক্ত সম্পত্তির মধ্যে শ্রীমতী অর্চনা বসু মহাশয়া উক্ত মোট সম্পত্তিতে -

Uma Mukherjy
Shambunath Mukherjy

তাহার নিজ অবিভক্ত অর্দ্ধাংশের জমি মায় তদুপরিস্থিত গৃহাদী মায় যাবতীয় আকর আওলাতাদি ও সর্ববিধ ইজমেন্ট স্বত্বাদী সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় বিক্রয় করিবার প্রস্তাব ঘোষণা করিলে আমি ২নং কোবালা দাতা নিজ স্বার্থে ও অর্থে - উপযুক্ত পণে ১ নম্বর কোবালা দাত্রীর বেনামে এবং / অথবা নাম ব্যবহারে গত ইং ১৮।১২।১৯৭৪ তারিখে সম্পাদিত ও রেজেষ্ট্রীকৃত কোবালা মূলে খরিদ করিয়া উহাতে উভয়ে তুল্যাংশে মালিক দখলিকার হই। উক্ত বিক্রয় কোবালা আলীপুর সদর সবরেজেষ্ট্রী অফিসে ইং সন ১৯৭৪ সালের ১ নং বহির ১৭০ নং ভলুমে ২৩১ হইতে ২৫২ পৃষ্ঠায় ৬৪২৫ নং দলিল উল্লেখে লিপিবদ্ধ আছে। উক্ত বিক্রিত সম্পত্তির - বিবরন আমাদের খরিদা কোবালা সংলগ্ন নকসায় 'লাল বর্ণে 'সীমাকৃত চিহ্নিত ও প্রদর্শিত আছে।

কিন্তু উক্ত সম্পত্তি খরিদ কালীন পণের কিছু টাকা অনাদায়ী থাকায় আমরা উক্ত অনাদায়ী টাকা আদায়ের মাতব্বরী স্বরূপ আমাদের উক্ত খরিদা সম্পত্তি - উপরোক্ত বিক্রেতা শ্রীমতী অর্চনা বসু মহাশয়ার নিকট প্রথম বন্ধকের দায়ে আবদ্ধ রাখিয়া তাঁহার বরাবর গত ইং ১৮।১২।১৯৭৪ তারিখে এককেতা প্রথম বন্ধকী তমশুক পত্র সহি সম্পাদন ও রেজেষ্ট্রী করিয়া দিই। উক্ত প্রথম বন্ধকী তমশুক আলিপুর - সদর সবরেজেষ্ট্রী আফিসে ইং সন ১৯৭৪ সালের ১নং বহির ১৪৬ নং ভলুমে ২৮১ হইতে ২৮৮ পৃষ্ঠায় ৬৪২৮ নং দলিল উল্লেখে লিপিবদ্ধ আছে।

পরে নগদ অর্থের বিশেষ প্রয়োজনে উক্ত সম্পত্তির বক্রী অবিভক্ত অর্দ্ধাংশের - মালিক দখলকারিনী শ্রীমতী সান্ত্বনা রায় মহাশয়া উক্ত ৪৭সি।১ নং মুর এভিনিউ - প্রেমিসেসে তাহার নিজ অবিভক্ত অর্দ্ধাংশের জমি মায় গৃহাদী মায় যাবতীয় আকর আওলাতাদী ও সর্ববিধ ইজমেন্ট স্বত্বাদী সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় বিক্রয়

করিবার প্রস্তাব ঘোষণা করিলে আমি ২নং কোবালা দাতা নিজ স্বার্থে ও অর্থে উপযুক্তপণে ১নং কোবালা দাত্রীর বেনামে এবং / অথবা নাম ব্যবহারে গত ইং ১৮।১২।১৯৭৪ তারিখে সম্পাদিত ও রেজেষ্ট্রীকৃত কোবালা মুলে খরিদ করিয়া - উহাতে উভয়ে তুল্যাংশে মালিক ও দখলীকার হই। উক্ত বিক্রয় কোবালা - আলীপুর সদর সবরেজেষ্ট্রী অফিসে ইং সন ১৯৭৪ সালের ১নং বহির ১৭০ নং ভলুমে ২৫৮ হইতে ২৭৯ পৃষ্ঠায় ৬৪৩০ নং দলিল উল্লেখে লিপিবদ্ধ আছে। উক্ত - বিক্রীত সম্পত্তির বিবরন আমাদের খরিদা কোবালা সংলগ্ন নকসায় লাল বর্ণে - সীমাকৃত চিহ্নিত ও প্রদর্শিত আছে।

কিন্তু উক্ত সম্পত্তি খরিদ কালীন পণের কিছু টাকা অনাদায়ী থাকায় আমরা উক্ত অনাদায়ী টাকা আদায়ের মাতব্বরী স্বরূপ আমাদের উক্ত খরিদা সম্পত্তি - উপরোক্ত বিক্রেতা শ্রীমতী সান্ত্বনা রায় মহাশয়ার নিকট প্রথম বন্ধকের দায়ে - আবদ্ধ রাখিয়া তাঁহার বরাবর উক্ত একই তারিখে অর্থাৎ গত ইং ১৮।১২।১৯৭৪ তারিখে এক কেতা প্রথম বন্ধকী তমশুক পত্র সহি সম্পাদন ও রেজেষ্ট্রী করিয়া দিই। উক্ত প্রথম বন্ধকী তমশুক আলীপুর সদর সবরেজেষ্ট্রী অফিসে ইং সন ১৯৭৪ সালের ১ নং বহির ১৭০ নং ভলুমে ২৮০ হইতে ২৮৭ পৃষ্ঠায় ৬৪৩১ নং দলিল উল্লেখে - লিপিবদ্ধ আছে।

অতঃপর আমরা কোবালা দাতাদ্বয় উপরোক্ত দুই কেতা কোবালা মুলে উপরোক্ত ৪৭ সি।১নং মুর এভিনিউ প্রেমিসেস ভুক্ত /৩।।/২৫ তিন কাঠা নয় ছটাক পঁচিশ স্কোয়ার ফিট বাস্তু জমি সায় তদুপরিস্থিত দ্বিতল পাকা ইমারত বাটী, অন্যান্য যাবতীয় সাজসাট আকর আওলাতাদী জলের কল, রিজারভয়ার, কম্পাউণ্ড প্রাচীর, ইলেকট্রিক কনেকসান, সেপটিক ট্যাঙ্ক পায়খানা সায় ৩২´ ১০´´ বত্রিশ ফুট দশ ইঞ্চি প্রশস্ত প্যাসেজের উপর চলাচলের স্বত্বাদী যাবতীয় ব্যবহারিক স্বত্বাদী -

ও সর্ব্ব প্রকার বর্ত্ম সুত্তাদি মায় তৎ সংএগনু সর্ববিধ ইজমেন্ট সুত্বাদী পরিচালনার অধিকার সমেত দরবস্তু হক হকুক সম্পত্তি খরিদ করিয়া উক্ত সম্পত্তি সপরিবারে নিজ নিজ বসবাসাদী দ্বারা ভোগদখলীকার হই ও ভোগদখল করিয়া আসিতেছি। উক্ত সম্পত্তি খরিদ করিয়া আমরা উহার যথেষ্ট সংস্কারাদি করিয়াছি।

উক্ত সম্পত্তি খরিদের পর উহার সম্পর্কে কলিকাতা কর্পোরেসনে নিজ নাম পত্তন করাইয়া তদ্বাবদ যথারীতি ট্যাক্সাদী সরবরাহ করতঃ ট্যাক্সের বিল গ্রহন করিয়া - আসিতেছি।

পরে আমরা উপরি কথিত ১৮।১২।১৯৭৪ তারিখের সম্পাদিত ও রেজেষ্ট্রীকৃত - দুইটী প্রথম বন্ধকী তমসুকের অন্দরে দুই মহাজন যথাক্রমে শ্রীমতী অর্চচনা বসু ও শ্রীমতী সান্ত্বনা রায়ের প্রাপ্য সমুদয় বন্ধকী দেনা পরিশোধ করায় তাঁহারা আমাদিগের - নাম বরাবর গত ইং ২।৫।১৯৭৯ তারিখে পৃথক পৃথক ভাবে দুইটী রিলিজ বা মুক্তি পত্র সহি সম্পাদন ও রেজেষ্ট্রী করিয়া দিয়াছেন শ্রীমতী অর্চচনা বসু কর্ত্তৃক আমাদের বরাবর সম্পাদিত ও রেজেষ্ট্রীকৃত রিলীজ বা মুক্তিপত্র আলীপুর সদর সবরেজেষ্ট্রী - অফিসে ইং সন ১৯৭৯ সালের ১নং বহির ৫৫ নং ভল্যুমে ১২৩ হইতে ১২৮ পৃষ্ঠায় ১৭৮৮ নং দলিল উল্লেখে লিপিবদ্ধ আছে এবং শ্রীমতী সান্ত্বনা রায় কর্ত্তৃক আমাদের বরাবর সম্পাদিত ও রেজেষ্ট্রীকৃত রিলিজ বা মুক্তিপত্র আলীপুর সদর সবরেজেষ্ট্রী আফিসে ইং সন ১৯৭৯ সালের ১নং বহির ৫৫ নং ভল্যুমে ১১৬ হইতে ১২২ পৃষ্ঠায় ১৭৮৭ নং দলিল উল্লেখে লিপিবদ্ধ আছে।

অতঃপর উক্ত দুই মহাজনের প্রাপ্য সমুদয় দেনা পরিশোধিত হওয়ায় তাঁহারা আমাদিগের বরাবর উপরোক্ত প্রকারে রিলিজ বা মুক্তিপত্র সম্পাদন ও রেজেষ্ট্রী - করিয়া দেওয়ায় তদবধি উক্ত সম্পত্তি বরাবর সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় আছে এবং আমরা কোবালা দাতাদ্বয় উভয়ে উক্ত সম্পত্তিস্থিত গৃহাদী সপরিবারে বসবাসাদী দ্বারা ভোগবান ও দখলীকার হইতেছি ও আছি।

উক্ত সম্পত্তি বর্তমানে থানা রিজেন্ট পার্ক অধীন কলিকাতা কর্পোরেশনের এ্যাসেসমেন্ট বহিতে ৪৭সি ১ নং মুর এভিনিউ প্রেমিসেস উল্লেখে লিপিবদ্ধ আছে ও হইতেছে ।

এক্ষনে আমাদের নগদ অর্থের বিশেষ প্রয়োজন বোধে আমরা আমাদের ভোগদখলী উপরোক্ত ও নিম্ন তপশীলে বর্ণিত ৪৭সি।১ নং মুর এভিনিউ প্রেমিসেস ভুক্ত অত্র দলিল সম্বলিত নকসায় লাল বর্ণে সীমাকৃত চিহ্নিত ও প্রদর্শিত মাপে মুরত ৴৩।।৴২৫ তিন কাঠা নয় ছটাক পঁচিশ স্কোয়ার ফিট রায়ত স্থিতিবান স্বত্বীয় বাস্তু জমি সায় তদুপরিস্থিত পাকা দ্বিতল ইমারত বাটী, অন্যান্য যাবতীয় সাজপাট - আকর আওলাতাদি জলের কল, রিজারভয়ার, কম্পাউণ্ড প্রাচীর ড্রেণ পায়খানা ইলেকট্রিক কনেকসান, ইলেকট্রিক মোটর ও পাম্প যাবতীয় ফিটিংস ও ফিক্সচারস সায় দক্ষিন দিকে কমন প্যাসেজের উপর চলাচলের স্বত্ব যাবতীয় ব্যবহারিক স্বত্বাদী সায় তৎ সংক্রান্ত সর্ববিধ ইজমেন্ট স্বত্বাদী সায় কর্পোরেসন কর্তৃক অনুমোদিত নকসায় অনুযায়ী গৃহ নির্মানের স্বত্ব সমেত দরবস্তু হক হকুক সম্পূর্ণ নির্দায় ও নির্দ্দোষ অবস্থায় বিক্রয় করিবার প্রস্তাব ঘোষণা করিলে আপনারা কোবালা গ্রহীতাদ্বয় উহা - বাজারোচিত সর্ব্বোচ্চ্য মূল্য বেলমোক্তা ১০৫০০০্ এক লাখ পাঁচ হাজার টাকা - পণে সম্পূর্ণ নির্দায় ও নির্দ্দোষ অবস্থায় খরিদ করিতে সম্মত হওয়ায় আমরা আপনা- দিগের প্রস্তাবিত মূল্যের অতিরিক্ত কোন গ্রাহক না পাওয়ায় উক্ত সম্পত্তি উক্ত মূল্যে আপনাদিগকে বিক্রয় করিতে স্বীকৃত হইয়া আপনাদিগের নিকট হইতে ধার্য্যকৃত - পণের অন্দরে গত ২৫।৮।১৯৮০ ইং তারিখে ব্যাঙ্কের চেক মূলে ৫০০০্ পাঁচ হাজার টাকা গ্রহন করিয়া ও উহার প্রাপ্তি স্বীকারে আপনাদের বরাবর এককেতা বায়নাপত্র সহি সম্পাদন করিয়া দিয়াছি ।

এক্ষণে উক্ত বায়না পত্রের সর্তানুযায়ী আপনারা আমাদিগকে পণের বক্রি -

Uma Mukherjee
Shibanath Mondal

১০০০০০,এক লাখ টাকা প্রদান - নিম্নজায়মত করিয়া আপনাদের নাম বরাবর নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা দহি সম্পাদন ও রেজেষ্ট্রী করিয়া দিবার জন্য অনুরোধ করায় আমরা আপনাদিগের অনুরোধক্রমে ও উক্ত বায়না পত্রের সর্তানুযায়ী আপনাদের নিকট হইতে অদ্য তারিখে নিম্ন জায়মতে পণের সমুদয় ১০৫০০০,এক লাখ পাঁচ হাজার টাকা গ্রহন করিয়া ও এতদ্দ্বারা উহার প্রাপ্তি স্বীকারে উপরোক্ত ও নিম্ন তপশীলে বর্ণিত বাস্তু জমি সায় তদুপরিস্থিত গৃহাদী সায় দ্বিতলে গৃহ - নির্মানের স্বত্ব সমেত আপনাদিগকে এএ কোবালা মূলে বিক্রয় করিয়া ও বিক্রীত সম্পত্তির খোলসা খাস দখল আপনাদের অনুকুলে পরিত্যাগ পূর্ব্বক উহা হইতে - অদ্য হইতে চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম।

অতঃপর এএ দলিল দ্বারা বিক্রীত সম্পত্তিতে আমাদের যাহা কিছু স্বত্ব - সামিত্ব হক হকিয়ত আদি দাবী দাওয়া দখল বা অধিকার ছিল বা আছে তৎ সমুদয় অদ্য হইতে চিরতরে আমাদিগের হইতে রদ, রহিত, লুপ্ত ও ধ্বংস হইয়া সম্পূর্ণ রূপে ষোল আনা মতে ও নিব্যুঢ় স্বত্বে আপনাদিগতে বর্ত্তাইল।

আপনারা অদ্য হইতে এএ দলিল দ্বারা বিক্রীত উপরোক্ত ও নিম্ন তপশীলে বর্ণিত সম্পত্তিতে আমাদের যাবতীয় স্বত্বে স্বত্ববান ও দখলীকার হইয়া জমিদার সেরেস্তায় ও কলিকাতা কর্পোরেসনে আপনাদের নিজ নিজ নাম পত্তন করাইয়া তদ্দাবদ যথারীতি খাজনা ও ট্যাকসাদী সরবরাহ করতঃ উক্ত সম্পত্তি দান, বিক্রয়, বন্ধক প্রভৃতি সর্ব্ব প্রকার হস্তান্তর ও রূপান্তর করনের ক্ষমতাযুক্তে উভয়ে তুল্যাংশের মালিক স্বরূপে স্ব স্ব পুত্র পৌত্রাদী ওয়ারিসান ও স্থলাভিষিক্ত গণক্রমে পরমসুখে নির্ব্বিবাদে নিজ নিজ স্বত্ব দখল পরিচালনে নিব্যুঢ় স্বত্বে ভোগদখল করিতে থাকুন। তাহাতে আমরা বা আমাদের স্ব স্ব পুত্র পৌত্রাদী ওয়ারীসান ও স্থলাভিষিক্ত গণ ক্রমে কেহ কস্মিনকালেও কোন প্রকার ওজর আপত্তি বা দাবী দাওয়া করিতে -

পারিব না বা পারিবে না। করিলেও তাহা সর্ব্বতোভাবে বাতিল নামঞ্জুর ও অগ্রাহ্য হইবে।

আপনারা এই কোবালা দর্শাইয়া জমিদার সেরেস্তায় ও কলিকাতা - কর্পোরেসনে আপনাদের নিজ নিজ নাম উক্ত সম্পত্তির মালিক দখলীকার স্বরূপে পত্তন করাইয়া লইবেন। তাহাতে আমাদের কোন সাহায্যের আবশ্যক হইলে আমরা তাহা করিতে বাধ্য রহিলাম।

আমরা এতদ্দ্বারা আরও প্রচার ও প্রকাশ করিতেছি যে এই দলিল দ্বারা বিক্রিত সম্পত্তি আমরা ইতিপূর্ব্বে কাহাকেও দান করি নাই বা বিক্রয় করি নাই বা উহা কাহারও নিকট বন্ধকের দায়ে আবদ্ধ রাখি নাই। ইতিপূর্ব্বে উক্ত সম্পত্তি শ্রীমতী অর্চ্চনা বসু ও শ্রীমতী সান্ত্বনা রায়ের নিকট প্রথম বন্ধকের দায়ে আবদ্ধ - রাখিয়াছিলাম। তাহা গত ২।৫।৭৯ তারিখে সম্পাদিত ও রেজেষ্টীকৃত রিলিজ বা মুক্তিপত্র দলিল মূলে মুক্ত করিয়া লইয়াছি। উক্ত সম্পত্তি কোন দেবসেবায় বা ট্রাষ্টে অর্পিত হয় নাই বা উহা কাহাকেও স্বল্পকাল বা দীর্ঘকাল মেয়াদে বিলি বন্দোবস্ত দিই নাই। উক্ত সম্পত্তি আপনাদের সহিত ব্যতীত অপর কাহারও সহিত বিক্রয়ের চুক্তি করি নাই। উহা কোন আদালত কর্ত্তৃক ক্রোকাবদ্ধ নহে বা - কাহারও জামিনে আবদ্ধ নহে। উহা কোন মোকর্দ্দমার সহিত সংশ্লিষ্ট নহে। উহার উপর কোন আদালত হইতে ক্রোকী পরওয়ানা বা নীলামী ইস্তাহার জারী হয় নাই বা উহা কোন স্কীম ভুক্ত নহে। উহার সম্পর্কে আমাদের উপর কোন আদালত হইতে স্থায়ী বা অস্থায়ী নিষেধাজ্ঞা প্রচারিত হয় নাই। উহা আমরা কাহারও নামে বেনাম করিয়া রাখি নাই বা উক্ত সম্পত্তির বাবদ আমরা কাহারও বেনামদার নহে। উহা সরকার বাহাদুর, কলিকাতা কর্পোরেসন কর্ত্তৃপক্ষ বা অপর কোন সাধারন প্রতিষ্ঠান কর্ত্তৃক গৃহীত হয় নাই বা উহার উপর কোন ল্যাণ্ড -

এ্যাকুইজিসন বা রিকুইজিসান প্রসিডিংস বাহাল নাই বা উহা কোন স্কীম ভুক্ত নহে। উহা আমরা কাহাকেও স্বল্পকাল বা দীর্ঘকাল মেয়াদে বিলি বন্দোবস্ত দিই নাই। উহাতে আমাদের কোন সরিক বা অংশীদার নাই। আমরা উভয়ে উক্ত সম্পত্তির ষোল আনা রকমের মালিক ও দখলীকার হইতেছি ও উহা বিক্রয় করিবার আমাদের সম্পূর্ণ ক্ষমতা ও অধিকার আছে। উহাতে অপর কাহারও কোনরূপ স্বত্ত্ব, স্বার্থ, দখল সম্পর্ক বা অধিকার ছিল না বা নাই। উক্ত সম্পত্তি সম্পর্কে কলিকাতা কর্পোরেসনে দেয় ট্যাক্সাদি বাকী নাই।

উক্ত সম্পত্তি সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ অবস্থায় আছে এবং তদবস্থায় উহা আপনাদিগকে এএ কোবালা মূলে বিক্রয় করিয়া ও বিক্রীত জমি মায় তদুপরিস্থিত গৃহাদীতে আপনাদিগকে খোলসা খাস দখল দিয়া উহা হইতে অদ্য হইতে চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম।

বিক্রীত সম্পত্তির দক্ষিন দিকে ৩২´১০" বত্রিশ ফুট দশ ইঞ্চি প্রশস্ত কমন প্যাসেজ যাহা পূর্ব্বদিকে উত্তর দক্ষিনে বিস্তৃত ৩২´- ১০"বত্রিশ ফুট দশ ইঞ্চি প্রশস্ত কমনপ্যাসেজের সহিত মিলিত হইয়া পরে উত্তরে মুর এভিনিউ নামক কর্পোরেসানের রাস্তার সহিত সংযুক্ত হইয়াছে উক্ত কমনপ্যাসেজ গুলির উপর আপনাদের ওয়ারীশ গণক্রমে চলাচলের স্বত্ব, যাবতীয় ব্যবহারিক স্বত্বাদী সর্ব্ব প্রকার বর্ত্ম স্বত্বাদি ও যাবতীয় ইজমেন্ট স্বত্বাদী পরিচালনার অধিকার অক্ষুন্ন রহিল। এমনকি আপনারা স্বয়ং মায় ওয়ারীশানগণক্রমে সদর রাস্তা মুর এভিনিউ হইতে উক্ত কমনপ্যাসেজ গুলির উপরি ভাগ বা তলদেশ দিয়া বিক্রিত সম্পত্তিতে জলের কলের পাইপ,টেলিফোন লাইন, গ্যাস, ইলেকট্রিক কনেকসান, ড্রেন কনেকসান ইত্যাদি লইয়া যাইতে পারিবেন ও যাবতীয় ইজমেন্ট স্বত্বাদী পরিচালনা করিতে পারিবেন।

প্রকাশ থাকে যে বিক্রীত সম্পত্তির পূর্ব্ব দিকে যে প্রাচীর আছে তাহা আমাদের ও উহার পূর্ব্বাংশের মালিক শ্রীমতী বানী ভট্টাচার্য্যের এজমালী প্রাচীর হইতেছে। আপনারা এই কোবালা মূলে উক্ত প্রাচীরের অর্দ্ধাংশের মালিক হইলেন আপনারা কস্মিনকালেও উক্ত প্রাচীরের কোন রূপ ক্ষতি সাধন করিতে পারিবেন না। উহা আপনারা ও উক্ত বানী ভট্টাচার্য্য উভয় পক্ষ নিজ নিজ খরচায় মেরামত - রক্ষনাবেক্ষন করিবেন।

প্রকাশ থাকে যে যদ্যপি উপরোক্ত উক্তি সমূহের কোন উক্তি মিথ্যা তঞ্চকী বা অপ্রকৃত বলিয়া প্রকাশ পায় তবে মাফিক আইনামলে আসিব ও দণ্ডনীয় হইব এবং আমরা স্বয়ং মায় স্ব স্ব ওয়ারীশগণ ও স্থলাভিষিক্তগণক্রমে আপনাদিগের যাবতীয় - ক্ষতিপূরন করিতে বাধ্য রহিলাম।

প্রকাশ থাকে যে যদ্যপি ভবিষ্যতে এই দলিলের বয়ানে কোনরূপ ভ্রম বা ত্রুটী থাকা প্রকাশ পায় ও তজ্জন্য আপনারা ক্ষতিগ্রস্থ হয়েন অথবা আপনাদের খরিদা স্বত্ত্ব দখলে কোনরূপ বিঘ্ন উপস্থিত হয় বা গোলযোগ ঘটে তবে উক্ত ভ্রম সংশোধনের জন্য আমরা আপনাদের খরচায় আপনাদের নাম বরাবর স্বতন্ত্র - সংশোধিত দলিল সহি সম্পাদন ও রেজেষ্টী করিয়া দিতে বাধ্য রহিলাম।

আরও প্রকাশ থাকে যে এই দলিলের পোষকে আমরা নিম্ন তায় মোতাবেক দলিল ও কাগজপত্রাদী আপনাদিগকে দলিলাথে প্রদান করিলাম।

এতদর্থে সুস্থ শরীরে সজ্ঞানে অন্যের বিনানুরোধে এই দলিলের মর্ম সম্যক রূপে অবগত থাকিয়া এবং উহার সমুদয় বিবরন পড়িয়া ও বুঝিয়া আমরা অদ্য তারিখে আপনাদের নিকট হইতে নিম্নতায়মতে পণের সমুদয় ১০৫০০০, এক লাখ পাঁচ হাজার টাকা গ্রহন করিয়া ও এতদ্বারা উহার প্রাপ্তি স্বীকারে আপনাদের নাম বরাবর এই নিঃস্বত্ত্ব সাফ বিক্রয় কোবালা যথারীতি লিখিত পঠিত সহি সম্পাদন ও রেজেষ্টী করিয়া দিলাম। ইতি তারিখ ইংরাজী সন ১৯৮০। ৯ই অক্টোবর - মোতাবেক বাংলা সন ১৩৮৭ সালের - ১৭শে আশ্বিন।

Uma Mukherjee
Shantanu Kr Mandal

## তপশীল বিক্রীত সম্পত্তির পরিচয় -

জেলা ২৪ পরগণা, সাবরেজেষ্ট্রী আলিপুর, পরগণা খাসপুর, সাবেক থানা টালীগঞ্জপরে যাদবপুর হাল থানা রিজেন্ট পার্ক গত জেলা জরীপে লিপিবদ্ধ - জে এল নং ৪২ রেঃসাঃ নং ৩৭, চব্বিশ পরগণা জেলা কালেক্টারির ১৫১ নম্বর তৌজি ভুক্ত মৌজা শিবপুর গ্রামে অবস্থিত ১৭৭ নং খতিয়ান ভুক্ত ৪১৭ চারি শত সতেরো ও ৪১৮ চার শত আঠারো নম্বর দাগের অংশ ভুক্ত কলিকাতা কর্পোরেশন এর এলাকাধীন ৪৭সি।১ নং মুর এভিনিউ প্রেমিসেস ভুক্ত এএ দলিল সম্বলিত - নকসায় লাল বর্ণে সীমা কৃত চিহ্নিত ও প্রদর্শিত মাপ মুরুত /৩।।/২৫ তিন কাঠা নয় ছটাক পঁচিশ স্কোয়ার ফিট রায়ত স্থিতিবান স্বত্ত্বীয় বাস্তু জমি সায় - তদুপরিস্থিত পাকা দ্বিতল ইমারত বাটী অন্যান্য যাবতীয় সাজপাট আকর - আওলাতাদী জলের কল, রিজারভয়ার কম্পাউণ্ড প্রাচীর সায় পূর্ব্বদিকের প্রাচীরের অবিভক্ত অর্দ্ধাংস ড্রেণ পায়খানা, যাবতীয় ফিটিংস ও ফিকশচারস, ইলেকট্রিক - মোটর ও পাম্প ইলেকট্রিক কনেকসান দক্ষিনদিকে ৩২´১০´´ইঞ্চিপ্রশস্ত কমনপ্যাসেজ যাহা পূর্ব্বাভিমুখী হইয়া উত্তরে ৩২´- ১০´´ইঞ্চি প্রশস্ত কমনপ্যাসেজের সহিত - সংযুক্ত হইয়া মুর এভিনিউ নামক মিউনিসিপ্যাল রাস্তার সহিত মিশিয়াছে উক্ত - কমনপ্যাসেজ গুলির উপর চলাচলের স্বত্ত্বাদী, যাবতীয় ব্যবহারিক স্বত্ত্বাদী সর্ব্বপ্রকার বর্ত্তা স্বত্ত্ব সায় যাবতীয় ইজমেন্ট পরিচালনার স্বত্ত্বাদী সায় সদর রাস্তা হইতে উক্ত - কমনপ্যাসেজ গুলির উপরিভাগ বা তলদেশ দিয়া বিক্রীত জমিতে জলের কলের পাইপ, টেলিফোন লাইন, গ্যাস ইলেকট্রিক কনেকসান, ড্রেন ইত্যাদি লইয়া - যাইবার স্বত্ত্বাদী সায় কর্পোরেসন কর্ত্তৃক স্যাংশানড.প্ল্যান অনুযায়ী এতদে গৃহাদী নির্মানের স্বত্ত্ব সায় গত ইং ১৮।১২।১৯৭৪ তারিখে সম্পাদিত ও রেজেষ্ট্রীকৃত - দুইখানি কোবালা মূলে আমাদের অর্জিজত যাবতীয় স্বত্ত্ব সমেত ।

Uma Mukherjee
Shambunath Mukherjee

ইহার চৌহদ্দী ঃ-

উত্তর ঃ রমানাথ এষ্টেট প্রাইভেট লিমিটেড কোম্পানীর জমি ।

পূর্ব্ব ঃ ৪৭সি।১এ নং মুর এভিনিউ প্রেমিসেসস্থিত পূর্ব্বদিকের অর্দ্ধাংশের জমি সায় তদুপরিস্থিত বাটী যাহা শ্রীমতী অর্চনা বসু ও শ্রীমতী সান্ত্বনা রায়ের নিকট হইতে খরিদ সূত্রে মালিক দখলকারিনী শ্রীমতী বাণী ভট্টাচার্য্য - হইতেছেন ।

দক্ষিণ ঃ ৩২´১০´´ বত্রিশ ফুট দশ ইঞ্চিপ্রশস্ত কমনপ্যাসেজ -

পশ্চিম ঃ রমানাথ এষ্টেট প্রাইভেট লিমিটেড কোম্পানীর জমি ।

উক্ত ১৭৭ নং খতিয়ান ভুক্ত মোট ৮৯ শতক জমির বার্ষিক খাজনা ১৮.আঠারো টাকা ধার্য্যে বিক্রীত /৩॥/২৫ তিন কাঠা নয় ছটাক পঁচিশ - স্কোয়ার ফিট বাস্তু জমির হারাহারি মতে বার্ষিক খাজনা ১৩ তেরো পয়সা মালিক মৌজা শিবপুর নিবাসী জমিদার শ্রীরাম গোপাল দাস নস্কর দিগরের সেরেস্তায় দেয় হইতেছে ।

তপশীল দলিলের জায় -

১। প্রথম পক্ষ মেসার্স রমানাথ এষ্টেট প্রাইভেট লিমিটেড এবং দ্বিতীয়পক্ষ শ্রীমতী অর্চনা বসুর মধ্যে সম্পাদিত ও রেজেষ্ট্রীকৃত একচেঞ্জ দলিল এক কেতা ইং ১।৮।১৯৬৯.

২। মেসার্স রমানাথ এষ্টেট প্রাইভেট লিমিটেড কর্ত্তৃক সম্পাদিত - শ্রীমতী অর্চনা বসু মহাশয়া দীগরের নাম বরাবর রেজেষ্ট্রীকৃত সাফ বিক্রয় কোবালা এক কেতা তাং ইং ১।৮।১৯৬৯.

৩। কলিকাতা কর্পোরেসনের ৪৭সি নং মুর এভিনিউ প্রেমিসেসের অরিজিনাল স্যাংসানড প্ল্যান ।

৪। কলিকাতা কর্পোরেসন কর্তৃক অনুমোদিত ও মঞ্জুরীকৃত ৪৭সি।১ নং মুর এভিনিউ প্রেমিসেসস্থিত দ্বিতল বাটীর উপর ত্রিতল বাটী প্রস্তুত করিবার জন্য কলিকাতা কর্পোরেসন কর্তৃক ৩০।৭।৭৪ তারিখে দুই কেতা ১৩৪ টি নম্বর বিল্ডিং স্যাংশানড প্ল্যান ও তৎসহ ডেপুটী সিটি আরকিটেক্ট কর্তৃক দিয়ত ৩০।৭।৭৪ তারিখে শ্রীমতী সান্ত্বনা রায় দীগরের নাম বরাবর - প্রিনটেড চিঠি এককেতা।

৫। শ্রীমতী অর্চনা বসু সম্পাদিত শ্রীমতী উমা মুখোটী নাম বরাবর - রেজেষ্টীকৃত সাফ বিক্রয় কোবালা মায় নকসা তাং ১৮।১২।১৯৭৪.

৬। শ্রীমতী উমা মুখোটী ও শ্রী ধ্রুব নাথ মুখোটী সম্পাদিত শ্রীমতী অর্চনা বসু নাম বরাবর রেজেষ্টীকৃত প্রথম বন্ধকী তমশুক এককেতা তাং ইং ১৮।১২।১৯৭৪.

৭। শ্রীমতী অর্চনা বসু সম্পাদিত শ্রীমতী উমা মুখোটী ও শ্রী ধ্রুব নাথ - মুখোটী নাম বরাবর রেজেষ্টীকৃত রিলিজ বা মুক্তিপত্র এককেতা তাং ইং ২।৫।১৯৭৯.

৮। শ্রীমতী সান্ত্বনা রায় সম্পাদিত শ্রীমতী উমা মুখোটী নাম বরাবর - রেজেষ্টীকৃত সাফ বিক্রয় কোবালা মায় নকসা তাং ইং ১৮।১২। ১৯৭৪.

৯। শ্রীমতী উমা মুখোটী ও শ্রী ধ্রুব নাথ মুখোটী সম্পাদিত শ্রীমতী - সান্ত্বনা রায় নাম বরাবর রেজেষ্টীকৃত প্রথম বন্ধকী তমশুক এককেতা তাং ইং ১৮।১১।১৯৭৪.

১০। শ্রীমতী সান্ত্বনা রায় সম্পাদিত শ্রী মতী উমা মুখোটী ও শ্রী ধ্রুব নাথ মুখোটী নাম বরাবর রেজেষ্টীকৃত রিলিজ বা মুক্তিপত্র এককেতা তাং ইং ২।৫।১৯৭৯.

১১। কলিকাতা কর্পোরেশানের ট্যাক্স আদায়ী বিল -

Uma Mukherjee
Dhruba Nath Mukherjee

Uma Mukherjee
Dhirendranath Mukherjee

তপশীল টাকার জায় -

১। গত ইং ২৫।৮।১৯৮০ তারিখে পণের - অঙ্গদের বায়না বাবদ গৃহীত - ৫০০০.

২। অদ্য তারিখে পণের বকেয়া - ১০০০০০.

A/c Payee. Draft drawn in the name of Sm. Uma Mukherjee on United Commercial Bank. Lala Lajpat Rai Sarani Branch Calcutta for Rs 35000/- being no. MC 03 906339 dated 3.10.80.

— A/c Payee Draft drawn in the name of Sm. Uma Mukherjee on Union Bank of India Hindusthan Park Ballygunge Branch being no. NBCP 006351 dated 4.10.80 for Rs 44500/-

Bank Draft in the name of Uma Mukherjee drawn on United Bank of India, Egra Branch being no. 002774/12/752/80 dated 27.9.80 for Rs 20500/-

১০৫০০০.

সবলগে এক লাখ পাঁচ হাজার টাকা মাত্র -

Uma Mukherjee
Dhirendranath Mukherjee

ইসাদী :- Uma Mukherjee
Dhirendranath Mukherjee

Biswanath Dutta
5B. Manilal Banerjee Road
Cal-23

Rebati Ballav Saha.
35 Sardar Sankar Rd
Cal 29.

Tanmoy Sen
22C, South Park Park.
Cal-68.

টাইপ-কারক -
শ্রীমন্ত মোহন ঘোষ.
আলিপুর জজ কোর্ট -

ইং ১৯৮০। ৬ই অক্টোবর -

সাফ বিক্রয় কোবালা দলিল।

শ্রী শুভেন্দু প্রকাশ মাইতি
ও
শ্রীমতী মনোরমা মাইতি
সাকিম ৪২১।১সি নং শরৎ বোস রোড,
কলিকাতা ৭০০০২০

-কোবালা গ্রহীতা -

District Sub Registrar
Alipore, 24-Parganas
5/10/80

এবং

শ্রীমতী উমা মুখোর্টী
ও
শ্রী ধ্রুব নাথ মুখোর্টী
সাকিম ৪৭সি।১ নং মুর
অ্যাভিনিউ, থানা রিজেন্ট পার্ক,
কলিকাতা ৭০০০৪০।

- কোবালা দাতা -

District Sub Registrar,
Alipore, 24-Parganas.
2.3.81

Book I
Volume No. 298
Pages 161 to 168
Being No. 8193
for the Year 1980

...OF. PRE. NO. 47C/1. MOOR. AVENUE. P.S REGAN. PARK.
...O. J.L. NO. 42. RS. 37. TOUJI. NO. 151. MOUZA. SILPUR. C.S.
...TIAN. 177. POR. OF. CS DAG. NOS. 417 & 418.
...REA 3KT-9CH-25SFT.
SCALE. 30'FT = 1" INCH.

VENDORS.
SM. UMA. MUKHOTI.
DHRUBO. NATH. MUKHOTI.

NOTE.
VENDEE/SUBHENDU. PRAKASH MAITY.
2. SM. MANO. RAMA. MAITY.
AREA. 3KT 9CH. 25 SFT.
SHOWN. IN. RED. BORDER.

